



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

## বিজ্ঞপ্তি

নং- ৬৪/জেএসসি/এসএসসি/রেজিঃ ও পরীঃ/২৪৪১

তারিখ : ০৮/০২/২০১৮

বিষয় : ২০১৮ সনে ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের অনলাইন (eSIF পূরণের মাধ্যমে) রেজিস্ট্রেশন প্রসঙ্গে।

সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের সকল অধ্যক্ষ/প্রধান শিক্ষককে উপর্যুক্ত বিষয়ে নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

- ২। (i) জেএসসি পরীক্ষা পরিচালনা নীতিমালার ১(খ) ধারা অনুযায়ী পরীক্ষা বছরের ১ জানুয়ারি পরীক্ষার্থীর ন্যূনতম বয়স ১১+ এবং ৩১ ডিসেম্বর সর্বোচ্চ ১৭ বছর;
- (ii) ইন্টারমিডিয়েট এন্ড সেকেন্ডারি এডুকেশন অর্ডিন্যান্স ১৯৬১ (১৯৬১ সনের ৩৩নং আইন)-এর ৩৯(২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে শিক্ষা মন্ত্রণালয়ের ২৩/০৪/১৯৯৭ তারিখের শিম/শাঃ১১/বিবিধি-৩৯/৯৬/২৩০/(৬০০) নং স্মারকে জারিকৃত বেসরকারি উদ্যোগে শিক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনিক আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ ও মাদরাসা) স্থাপন, চালুকরণ ও স্বীকৃতি প্রদানের ক্ষেত্রে অনুসরণীয় নীতিমালায় মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা ও আঞ্চলিক উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর কর্তৃক পাঠদানের অনুমতিপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থীরা নিজ শিক্ষা প্রতিষ্ঠানের নামে রেজিস্ট্রেশনের সুযোগ পাবে;
- (iii) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক পাঠদানের অনুমতিবিহীন প্রতিষ্ঠান শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করাতে পারবে না;
- (iv) ঢাকা বোর্ডের ওয়েবসাইটে OEMS/eSIF বাটনে ক্লিক করে EIIN ও Password দিয়ে লগইন (Login) করলে Dashboard থেকে eSIF JSC-তে ক্লিক করলে Payable Fees of JSC 2018 Registration-এ Applicant name, Mobile no. এবং Number of Student দিয়ে Print Sonali Seba-এ ক্লিক করে সোনালী সেবার স্লিপটি প্রিন্ট করতে হবে (বিঃ দ্রঃ- ফরমটি কোনভাবেই ফটোকপি করে ব্যাংকে জমা দেয়া যাবে না)।  
ব্যাংকে ২৪ ঘন্টার মধ্যে পেমেন্ট ক্রিয়ার করলে নির্ধারণকৃত শিক্ষার্থীদের eSIF পূরণ করা যাবে; পেমেন্ট ক্রিয়ারের পরে নির্ধারিত সময়ের মধ্যে পুনরায় সোনালী সেবার স্লিপ বের করা যাবে;
- (v) ফি জমাদান ও eSIF পূরণের তারিখ : জরিমানা ছাড়া ০১ মার্চ ২০১৮ থেকে ১৫ মার্চ ২০১৮ পর্যন্ত এবং জরিমানাসহ ১৮ মার্চ ২০১৮ থেকে ২৫ মার্চ ২০১৮ পর্যন্ত;

জনপ্রতি রেজিস্ট্রেশন ও অন্য ফি নিম্নরূপ :

| ক্রমিক<br>নং | রেজিস্ট্রেশন ফি<br>(টাকায়) | রেডক্রিসেন্ট ফি<br>(টাকায়) | জরিমানা<br>(টাকায়) | মোট জরিমানাসহ<br>(টাকায়) | মোট জরিমানা<br>ছাড়া (টাকায়) |
|--------------|-----------------------------|-----------------------------|---------------------|---------------------------|-------------------------------|
| ১            | ৫০/-                        | ১০/-                        | ৫০/-                | ১১০/-                     | ৬০/-                          |

- (vi) ২০১৭ সনে রেজিস্ট্রেশনকৃত অনুলীর্ণ শিক্ষার্থীদের পুনরায় রেজিস্ট্রেশনের প্রয়োজন নেই;
- (vii) ছাত্র-ছাত্রীর পিতা ও মাতার নামের পূর্বে Mr., Mrs., Late, Major, Colonel, Brigadier, Dr. ইত্যাদি এবং নামের শেষে পদবি ছাড়া MA, BA, FRCS ইত্যাদি ব্যবহার করা যাবে না;

- (viii) শিক্ষার্থীদের অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন হওয়ার পর তাদের তথ্যের পাশে নিজ নিজ স্বাক্ষর করা চূড়ান্ত তালিকার প্রিন্ট আউট (হার্ড কপি) শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে;
- (ix) নতুন পাঠদানের অনুমতিপ্রাপ্ত নিম্ন মাধ্যমিক বিদ্যালয়সমূহ (যে সকল প্রতিষ্ঠান ইতিপূর্বে নিজ নামে জেএসসি পরীক্ষায় অংশগ্রহণ করেনি) সোনালী ব্যাংকের সোনালী সেবার মাধ্যমে ১,০০০/- (এক হাজার) টাকা জমা দিয়ে বিদ্যালয় শাখার মাধ্যমে Login Password সংগ্রহ করবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বাঃ

প্রফেসর এ.টি.এম. মইনুল হোসেন  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ঢাকা।

প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক  
ঢাকা বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল  
শিক্ষা প্রতিষ্ঠান।

মেমো নং- ৬৪/জেএসসি/এসএসসি/রেজিঃ ও পরীঃ/২৪৪১(৯)

তারিখ : ০৮/০২/২০১৮

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ২। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। উপপরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। উপপরিচালক (হিঃ ও নিঃ), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। হিসাবরক্ষণ অফিসার (হিসাব আয় শাখা), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৭। বিদ্যালয় শাখার সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৮। পিএস-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৯। অফিস কপি।

*Handwritten signature*  
০৪.০২.১৮

বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ঢাকা।

*Handwritten signature*  
০৬/০২/১৮